

ফেয়ার ডিজাইন প্রিন্টিং লিঃ

শিঃ১৪০/১ চান্দপাড়া, বাসন সড়ক, গাজীপুর সদর, গাজীপুর-১৭০৪

পলিসি নং	পলিসির নাম	পলিসির উৎস	রিভিশন নং	কার্যকর তারিখ	পরবর্তি হালনাগাতকরণ
৪	সংগঠন করার স্বাধীনতানীতি/ Policy on Freedom of Association	বাংলাদেশ শ্রম আইন - ২০০৬ ধারা-অধ্যায়-১৩- ২০৫/২০৬/২০৭/২০৮	৩	০১-০১-২০১৬	০১-০১-২০২১

বিতরণ (Distributed to)

১। ব্যবস্থাপনা পরিচালক

২। নোটিশ

৩। অফিস কপি

পলিসি হালনাগাদ করনের বিবরণ (Policy revision History)

সংশোধন অবস্থা (Revision)	তারিখ (Date)	পরিবর্তনের বর্ণনা (Description of Change)
Initial	০১-০১-২০১৬	
1 st Reviewed	০১-০১-২০১৮	
2 nd Reviewed	০১-০১-২০১৯	পলিসির উৎস
3 rd Reviwed	০১-০১-২০২০	

পলিসি বাস্তবায়নে: এইচ আর এডমিন বিভাগ।

পলিসির অনুমোদন



সাজিদ হোসেন

সংগঠন করার স্বাধীনতার নীতিমালা (Policy on Freedom of Association)

যাদের জন্য প্রযোজ্য:

ফেয়ার ডিজাইন প্রিন্টিং লিঃ এ কর্মরত সকল কর্মচারীদের জন্য এই নীতিমালা প্রযোজ্য হবে।

উদ্দেশ্য:

কোম্পানিতে সংগঠন পরিচালনা করার কি ধরনের স্বাধীনতা এবং কেমন মাত্রায়তা অনুমোদন করা হয় সে সকল বিষয়ে কোম্পানির সকলকে অবগত এবং সজাগ করাই এই নীতিমালার উদ্দেশ্য।

ভিত্তি:

দেশের আইনানুসারে - কর্মীদের সংগঠন করার অধিকার আছে, যার মাধ্যমে তারা তাদের নিজেদের মধ্যে দল গঠন করার জন্য অনুমোদিত হবে তারা সমষ্টিগত ভাবে তাদের উদ্দিগ্নতা, উৎকর্ষা এবং মতামত পরিচালনা পর্ষদের কাছে উপস্থাপন করতে পারবে। যদিও আর.এম.জি. এবং টেক্সটাইল ব্যতীত সকল শিল্প প্রতিষ্ঠানের জন্য ট্রেড ইউনিয়ন আকারে এই সংগঠন করার স্বাধীনতা আইনে দেয়া আছে, কিন্তু বিবর্তনীয় বিকাশের পথে কিভাবে ফেয়ার ডিজাইন প্রিন্টিং কর্মীদের স্বাধীনভাবে তাদের মতপ্রকাশের সুবিধা প্রদান করবে তা জানানোর উদ্দেশ্যে এই নীতিমালা গঠন করা হয়েছে।

নীতিমালা:

- আইন অনুসারে এখন পর্যন্ত আর.এম.জি. খাতের জন্য ট্রেড ইউনিয়ন গঠন করা বাধ্যতা মূলক নয়, কিন্তু ট্রেড ইউনিয়ন গঠনে যদি কোন কোম্পানী ইচ্ছা পোষন করে তবে স্থানীয় আইন অনুসারে তা অনুমোদিত হবে। কর্মীরা যাতে পরিচালনা পর্ষদের কাছে সুস্পষ্ট ভাবে তাদের কথা তুলে ধরতে পারে তা নিশ্চিত করার লক্ষ্যে ফেয়ার ডিজাইন প্রিন্টিং লিঃ পার্টিসিপেশন কমিটি (পি.সি.) গঠন করার স্বাধীনতা প্রদান করে।
- যদি সংখ্যাগরিষ্টকর্মী ট্রেড ইউনিয়নের প্রয়োজন অনুভব করে, তবে কারখানাগুলোতে ট্রেড ইউনিয়ন গঠনের বিষয়টি বিবেচনা করবে।
- পি.সি. সভায় কর্মীগণের স্বাধীনভাবে নিজেদের মতপ্রকাশ করার সুযোগ পাবে এবং ঐ সভায় যৌথভাবে যে সকল সিদ্ধান্ত গ্রহণ করা হবে তা কোম্পানির সকলকে নোটিস বোর্ড এবং মৌখিক ঘোষণার মাধ্যমে অবগত করা হবে।
- পি.সি. সভায় গৃহীত সকল সিদ্ধান্ত সমূহ নথিভুক্ত করতে হবে এবং সমষ্টিগত সিদ্ধান্ত নিশ্চিত করার লক্ষ্যে কর্মীদের ও পরিচালনা পর্ষদের প্রতিনিধিদের স্বাক্ষর লিপিবদ্ধ করতে হবে।
- এ ধরনের কমিটির জাতীয় রাজনীতিতে কোনধরনের অন্তর্ভুক্তি সম্পৃক্ততা থাকবেনা।
- শ্রমিকরা ফ্যাক্টরীর সোসাল কমপ্লাইন্স অডিটের ওপেনিং এবং ক্লোজিং মিটিং অংশগ্রহন করতে পারবে।
- শ্রমিকরা সাপ্তাহিক কর্মঘন্টা সিডিউল, বিশ্রাম এর দিন এবং ছুটির দিনের বিষয়ে তাদের মতামত প্রকাশ করতে পারবে।

Fair Design Printing Ltd

Shi-140/1 Chanpara, Bashon Sharak, Gazipur sadar, Gazipur-1704, Bangladesh
Factory : +88 01534500252, Email: fair.design@gmail.com, www.fairdesign-bd.com

বিধিমালা এবং কার্যপ্রণালী:

- সংগঠন করতে ইচ্ছুক সকল কর্মীগণ পি.সি. (অংশগ্রহণকমিটি) নীতিমালা অনুসারে নির্বাচনের মাধ্যমে সমষ্টিগত দল গঠন করতে পারবে।
- নিয়মিত ভাবে অংশগ্রহণ কমিটির সভা অনুষ্ঠিত হবে।
- সভায় আলোচিত সকল বিষয় এবং সিদ্ধান্ত সমূহ নথিভুক্ত করতে হবে এবং উভয় পক্ষের সাক্ষ্য গ্রহণ করতে হবে।
- গৃহীত সিদ্ধান্ত সমূহের অনুলিপি কারখানায় কর্মীদের মাঝে প্রচার করে তাদেরকে অবগত করতে হবে।

দায়ী পক্ষ গণ:

কারখানায় কর্মরত কর্মীগণ, পরিচালনা পর্ষদ, কমপ্লয়াস এবং এডমিনবিভাগ এই নীতিমালা বাস্তবায়নের জন্য দায়ী থাকবে।

যোগাযোগ এবং বাস্তবাসনঃ

- এইচ. আর এবং এডমিন বিভাগের সদস্যগণ এই নীতিমালা ব্যখ্যা করবে।

ব্যতিক্রমসমূহ:

এই নীতিমালার কোন ব্যতিক্রম হবে না।

ফিডব্যাক ও নিয়ন্ত্রণ:

- পি.সি. সভায় কর্মীগণ স্বাধীনভাবে তাদের মত প্রকাশের অধিকার সংরক্ষণ করবে এবং তা নিশ্চিত করার লক্ষ্যে কমপ্লয়াস বিভাগের প্রতিনিধি উপস্থিত থাকবে।
- প্রয়োজন বোধে কর্মীদের সাথে কমপ্লয়াস বিভাগের সদস্যগণ পৃথক সাক্ষাৎকারের মাধ্যমে নিশ্চিত হবে যে, সকলে নির্দিষ্ট মত প্রকাশ করতে সমর্থ হয়েছে।

Initial

1st Reviewed

2nd Reviewed

3rd Reviewed